# পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

২৪৯, বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট, কলিকাতা.

**সকল রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য, জেলা কমিটির সম্পাদক/সভাপতিদের প্রতিঃ**
**********************************************************************************

**সার্কুলার 3/২024**
**************

প্রিয় সাথিবৃন্দ,

এক জটিল এবং কঠিন পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে অষ্টাদশ লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। এ বিষয়ে কোন দ্বিমত নেই যে আমরা সকলেই বিভিন্ন কেন্দ্রে প্রার্থীদের নিয়ে প্রচার কর্মসূচিতে ব্যস্ত বাড়ি বাড়ি যাওয়া, অর্থ সংগ্রহ, প্রার্থীকে নিয়ে প্রচার, দেওয়াল লিখন নির্বাচনী সংগ্রামের সমস্ত কাজেই আমাদের গুরুত্ব দিয়ে করতে হচ্ছে।

এতদ সত্বেও সংগঠনগত ভাবেও আমাদের সাধ্য অনুযায়ী কর্মসূচি পালনের গুরুত্ব আমরা কেউ অস্বীকার করতে পারি না । সেই বোঝাপড়া থেকেই গত সম্পাদক মন্ডলীর সভা থেকে কর্মসূচী সংক্রান্ত নিদেশিকা রাজ্য কমিটির পক্ষে সার্কুলার আকারে প্রকাশ করা হয়েছে।

কমরেডদের কাছে অনুরোধ সম্পাদক মন্ডলীর সিদ্ধান্ত অনুযায়ী জেলা কমিটি গুলি নিজস্ব উদ্যোগে যেখানে যেমন পরিস্থিতি সেখানকার মত করে কর্মসূচী গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

১) কোন জেলা কমিটি কি ধরনের কর্মসূচি পালন করলেন তার রিপোর্ট রাজ্য কমিটি র নজরে আনতে হবে।

২) আসন্ন লোকসভায় নির্বাচনে যাতে সমস্ত কলেজ শিক্ষাকর্মী নেতৃত্ব কে নির্বাচনী কাজে নিদিষ্ট এলাকায় যতটা সম্ভব যুক্ত করা যায় সেই ব্যাপারে জেলা কমিটির গুলির উদ্যোগী হাওয়া প্রয়োজন।

৩) পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়নের পক্ষ থেকে আমাদের এক্তিয়ারের মধ্যে থাকা যত বেশী সংখ্যক নির্বাচক মন্ডলীর কাছে পৌঁছানো যায় , সেই বিষয়ে জেলা কমিটি গুলিকে পরিকল্পনা করতে অনুরোধ করছি ।

যাদের কাছে আমরা পৌঁছাতে পারি যেমন :-

ক) কলেজ শিক্ষাকর্মী পরিবার, খ) অতন্ত সতর্কতার সাথে পৌঁছাতে পারি ছাত্রছাত্রীদের কাছে ।

এই বিষয়ে রাজ্য সম্পাদকমণ্ডলীর নির্দিষ্ট প্রস্তাব সার্কুলারে উল্লেখ করা হয়েছে । তা সত্ত্বেও জেলা কমিটি গুলি তাদের বাস্তব পরিস্থিতির নিরিখে ছাত্রছাত্রীদের কাছে পৌঁছাবার উপায় যেটা ঠিক বলে মনে করবেন । সেই ভাবে পরিকল্পনা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

নির্বাচক মন্ডলীর কাছে পৌঁছানোই আমাদের কাছে এই মুহুর্তে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ।

৪) শিক্ষাআন্দোলনে পাশে বরাবরই যাকে আমরা সব সময় পেয়েছি দমদম লোকসভা কেন্দ্রর প্রাথী কমঃ সুজন চক্রবর্তীকে।

উত্তর ২৪ পরগণা জেলা কমিটিকে অনুরোধ করা হচ্ছে। উক্ত লোকসভা কেন্দ্র আমাদের পক্ষ থেকে কমসূচী গ্রহণে কিছু পরিকল্পনা করা যায় কিনা? দেখার জন্য অনুরোধ করছি।

# পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

২৪৯, বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট, কলিকাতা.

---

৫) বাকী সবকটি কেন্দ্রে পশ্চিমবঙ্গে কলেজ শিক্ষাকর্মী ইউনিয়নের নামে ব্যানার - "বাম-গণতান্ত্রিক ধমনিরপেক্ষ শক্তি" কে জয় যুক্ত করার আহ্বানে ফেস্‌টুন , লিফলেট তৈরি করে প্রচার সংগঠিত করার উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

৬) কেন্দ্রীয় ভাবে কলকাতায় মে মাসে শেষের দিকে সুপ্রিম কোর্টের নির্দেশে গঠিত কলকাতা উচ্চ আদালতের বিশেষ বেঞ্চের রায়ে প্রায় ২৬ হাজার শিক্ষক, কর্মচারীদের নিয়োগ বাতিল হল। চাকরী চলে গেল যাদের, তাদের মধ্যে অনেকেই যোগ্য আছেন। সরকারী প্রশ্রয়ে এত বড় দুর্নীতি আর কেলেঙ্কারীর জন্য তারা, তাদের পরিবার আজ গভীর সঙ্কটে। অভিযুক্তদের চরমতম শাস্তির দাবিতে সরব হওয়া দরকার। লোকসভা নির্বাচন এবং অষ্টাদশ লোকসভা নির্বাচন চলাকালীন রাজ্যের এই কলঙ্কজনক ঘটনা, অভূতপূর্ব দুর্নীতির বিরুদ্ধে আমাদের রাস্তায় নামতেই হবে।

এখন থেকে প্রস্তুতি নিন , দিন, সময় পরে জানিয়ে দেওয়া হবে। আশাকরি,আপনারা সকলেই পরিস্থিতির গুরুত্ব বুঝে কেন্দ্রীয় কর্মসূচীতে অংশগ্রহণের উদ্যোগ গ্রহণ করবেন।

অভিনন্দনসহ,

সুব্রত চক্রবর্তী।

সাধারণ সম্পাদক

পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন।